

১৩/১

JAN. 12 2002

তারিখ
পৃষ্ঠা ... ৫ ... কসাম ... ৬

নারী শিক্ষার হার বাড়েনি

আমাদের দেশে সরকারি উদ্যোগে ইতিপূর্বে সাক্ষরতা কর্মসূচি পালিত হয়েছে। যেসব জেলাকে নিরক্ষরমুক্ত ঘোষণা দেয়া হয়েছে: খুঁজে দেখলে সেখানেও প্রচুর নিরক্ষর মানুষের দেখা মিলবে। এর বেশির ভাগই নারী। প্রাথমিক বিদ্যালয় থেকেই মেয়ে শিশুদের ঝরে পড়া বোধের জন্য নানা প্রচেষ্টা নেয়া হয়েছে। মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি দেয়া হচ্ছে। নিঃসন্দেহে এসব ওভ উদ্যোগ। উপবৃত্তিপ্রাপ্ত মেয়েদের তালিকা দেখলে মনে হবে সত্যিই বুঝি এদেশে নারী

শিক্ষার অগ্রগতি হয়েছে। কিন্তু বাস্তব চিত্র অন্যরকম। অনেক বিদ্যালয়ে উপবৃত্তি প্রদানের শর্ত পূরণ না করে এবং ভূয়া ছাত্রী দেখিয়ে উপবৃত্তি তোলা হচ্ছে। অসং শিক্ষক এবং প্রকল্প কর্মকর্তাদের লোভের জিহবা দিন দিন প্রসারিত হওয়ায় সরকারের এই কল্যাণমূলক প্রকল্পটি লক্ষ্য অর্জনে ব্যর্থ হচ্ছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের উচিত বিদ্যালয়ের পরিদর্শন-ক্রটি দূর করা এবং অসং শিক্ষক-কর্মকর্তাদের অপরাধের জন্য দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান।

তারিখ অনিকেত

ঈদগাহ বাজার

মোহেন্দীগঞ্জ, বরিশাল